গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯(অংশ).১০২৪

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: বেসরকারি মাধ্যমে প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের স্থানান্তর সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বেসরকারি মাধ্যমে প্রাক-নিবন্ধিত হজযাত্রীদের এক এজেন্সি হতে অন্য এজেন্সিতে স্থানান্তরের কার্যক্রম নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ১৬ নভেম্বর ২০২৬ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ০৭ দিনের জন্য উন্মুক্ত থাকবে:

ক) প্রাক-নিবন্ধিত কোন হজযাত্রীকে তার লিখিত অনুমতি ব্যতীত অন্য এজেন্সিতে স্থানান্তর করা যাবে না;
খ) কোন হজযাত্রীকে এক এর অধিক অর্থাৎ একাধিকবার স্থানান্তর করা যাবে না;
গ) হজযাত্রীর লিখিত সম্মতি ব্যতিত স্থানান্তর অথবা একাধিকবার স্থানান্তরের কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। বর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে বেসরকারি মাধ্যমের প্রাক-নিবন্ধিত হজযাত্রী স্থানান্তর কার্যক্রম আগামী ১৬ নভেম্বর ২০২৬ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ০৭ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

১৫.১১.২০২১

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

বিতরণ: অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য));
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা;
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, সৌদি আরব;
৪. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য));
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ);
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা;
৮. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/মোনাজ্জেম,... হজ ২০২৭ সালের সকল লিড এজেন্সি।
৯. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, হজ ২০২৭ সনের যোগ্য সকল হজ এজেন্সি;
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd প্রকাশ ও প্রয়োজনীয় কারিগরি প্রস্তুতি গ্রহণের অনুরোধসহ); এবং
১১. অফিস কপি।